

তারিখ ... 23 FEB 2010 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

নাটোরে গোপন বৈঠক

রাবি শিক্ষকসহ জামায়াত-শিবিরের ১০ জন আটক

■ রেজাউল করিম খান, রাজশাহী অফিস

নাটোরে গোপন বৈঠক করার সময় শহরের সামগ্রী প্রাকার ফারহাট ইসলামী লাইফ ইন্সুরেন্স কোম্পানী অফিস থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ ১০ জন জামায়াত-শিবির নেতাকে আটক করেছে পুলিশ। গতকাল-সোমবার বেলা সোয়া ৪টার দিকে পুলিশ তাদের আটক করে নাটোর থানায় নিয়ে যায়। নাটোর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মামুন রশিদ বলেন, সরকারের বিরুদ্ধে অভ্যুত্থানক গোপন বৈঠক করার সময় পুলিশ তাদের গ্রেপ্তার করে। এসময় পালাবোনের গ্রেপ্তার করে দুইজন গড়ে নিয়ে ৩৩ এরপর পৃষ্ঠা ৪, কলাম ৭

নাটোরে গোপন

প্রথম পৃষ্ঠার পর

আহত হয়। আহত অবস্থায় আটক নাটোর সদর উপজেলার কাঠাল বাড়ীরা মাদরাসার শিক্ষক আব্দুল হাশেম এবং ডাঙ্গাপাড়া মসজিদের ইমাম আব্দুল হালিমকে নাটোর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আটককৃত অন্যরা হলেন: নাটোর সদর উপজেলার কাশভাগ গ্রামের বদিউজ্জামান, বড়াইগ্রাম উপজেলার পূর্ণ কলম গ্রামের জাকির হোসেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক ষ্টাডিজ বিভাগের শিক্ষক আব্দুল আলি মামুন, সলাহুদ্দীন মাদরাসার শিক্ষক সদরুল বিল্লাহ, নাটোর সদর উপজেলার হিল হাশতি কলেজের শিক্ষক শাহজালাল, বাগাতিপাড়া উপজেলার কাজীর চক গ্রামের কামরুল ইসলাম, নাটোর সদর উপজেলার বাগবোম গ্রামের সৈয়দ আলী এবং সিংড়া উপজেলার বাড়া পাইল গ্রামের আনসার আলী।

অপর দিকে হেলা মুব্বিনীর সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শিমুল এবং ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক হপন বলেন, গোপন বৈঠকের সংবাদ পেয়ে চাক্ষুণ এবং মুব্বিনী কর্মীরা ফারহাট লাইফ ইন্সুরেন্স কোম্পানীর অফিস ঘিরে রাখে এবং পুলিশে সংবাদ দিলে পুলিশ তাদের আটক করে নিয়ে যায়।